

বর্গিল আয়োজনে শেষ হলো স্কাউট মিলনমেলা  
স্কাউটিং শিক্ষা বাস্তব জীবনে অবশ্যই কাজে লাগবে

---আনোয়ার হোসেন মঞ্জু

■ ইত্তেফাক রিপোর্ট

বর্গিল আয়োজনের মধ্য দিয়ে দেশ ও বিদেশের প্রায় আড়াই হাজার স্কাউটের মিলন মেলা শেষ হয়েছে। অংশগ্রহণকারী প্রত্যেককে ছিল উচ্ছ্বাসিত। জস নূতা ও অগ্নি প্রজ্ঞালনের মধ্যদিয়ে গতকাল সোমবার সমাপ্ত ঘোষণা করা হয় পাঁচদিনব্যাপী প্রথম জাতীয় কমিউনিটি বেইজড স্কাউট ক্যাম্পের সমাপনী অনুষ্ঠানের। গাজীপুরের মৌচাক জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে বাংলাদেশ স্কাউটস আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের স্কাউটিং শিক্ষায় উৎসাহ যুগিয়েছিলেন পরিবেশ ও বন মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু।

তিনি অংশগ্রহণকারীদের উদ্দেশে বলেন, স্কাউটিং শিক্ষা নিয়ে তোমরা যখন এখান থেকে চলে যাবে তোমাদের এই শিক্ষা বাস্তব জীবনে অবশ্যই কাজে লাগবে। একজন ব্যক্তি যদি তার সম্মানবোধ সম্পর্কে সচেতন না থাকে, তাহলে তার দ্বারা কোন মহৎ কাজ, সুন্দর কাজ সৃষ্ণলভাবে করা সম্ভব নয়। আগামী প্রজন্মকে উপযুক্ত নাগরিক হিসাবে গড়ে তুলতে স্কাউটিং শিক্ষার বিকল্প নেই। পৃষ্ঠা ২ কলাম ৩

স্কাউটিং শিক্ষা বাস্তব জীবনে

২০ পৃষ্ঠার পর

স্কাউটিং শিক্ষার স্মৃতিচারণ করে তিনি বলেন, এই মাঠে আজ থেকে অনেক বছর পূর্বে স্কাউট হিসাবে এসেছিলাম। বাস্তব জীবনে বহুধরনের মানুষের সঙ্গে মেলামেশায় বুঝতে পারি, কে স্কাউটে ছিল আর কে ছিল না। আমাদের সময়ে নিশ্চয়ই এখনো আছে, স্কাউটেরা শপথ গ্রহণ করতেন সবার সম্মানে দেশের স্বার্থে। সম্মানের উপর যে গুরুত্ব দেয়া হচ্ছে, এটা অত্যন্ত উপলব্ধি করার বিষয়।

পরিবেশ ও বন মন্ত্রী বলেন, স্কাউটিংয়ে শেখানো শৃঙ্খলা, একাত্ববোধ, দায়িত্ব পালনের সচেতনতা-বাস্তব জীবনে কাজে লাগে। ছাত্রজীবনে একজন স্কাউট ছিল কি না তা বুঝতে আমার কোনও কষ্ট হয় না। কেননা চালচলন-কথাবার্তা, দায়-দায়িত্বের প্রতি ঐকান্তিকতা থেকেই তা বোঝা যায়। সেটা স্কাউট জীবন থেকে শেখানো হয়। এটা অভিরিক্ত কার্যক্রমের অংশ। সাধারণ শিক্ষার উপর দিয়ে অভিরিক্ত এটি শেখানো হতো।

তিনি বলেন, এখানে বাংলাদেশের অংশগ্রহণকারীরা আছেন, পার্শ্ববর্তী দেশ ভারত থেকে এসেছেন সকলকে ধন্যবাদ জানাই। যে কোন সংগঠনে অবস্থান করা সহজ ব্যাপার নয়। আমি তাদের ধন্যবাদ জানাই যারা এই সংগঠনকে সার্থক করার জন্য পরিশ্রম করেছেন। স্কাউটদের উদ্দেশে মন্ত্রী বলেন, আমি আশা করি, তোমরা যখন এখান থেকে চলে যাবে নিশ্চয়ই তোমাদের এই শিক্ষা বাস্তব জীবনে কাজে লাগবে। তোমাদের বয়স অত্যন্ত কম, ১০ মিনিট বা ১৫ মিনিট চিন্তা করলে দেখবে, এখানে যে কয়টা দিন ছিল তা থেকে তোমরা কি শিখেছ এবং পরবর্তীকালে যখন আরো বড় হবে তখন দেখবে, আজকের শিক্ষার্তা তোমাদের খাটো করে দেখার অবকাশ নেই।

গত ১০ সেপ্টেম্বর থেকে প্রতিকূল পরিবেশে প্রথম জাতীয় কমিউনিটি বেইজড ক্যাম্প স্কাউট ও রোভার স্কাউটেরা তাদের নিজেদের দক্ষতাকে তুলে ধরেন। তবে সমাপনী অনুষ্ঠানে স্কাউট ও রোভার স্কাউটদের অংশগ্রহণে আকর্ষণীয় গ্র্যান্ড ক্যাম্পে ফায়ার স্কাউটেরা তাদের সৃজনশীল কার্যক্রম উপস্থাপন করে, যা উপস্থিত অতিথিবৃন্দের তৃপ্তি প্রদান করে। বাংলাদেশ ও ভারতের ১৮০টি স্কাউট গ্রুপের সদস্যদের অংশগ্রহণে প্রথম জাতীয় কমিউনিটি বেইজড স্কাউট ক্যাম্প শুরু হয়। এবারের ক্যাম্পের থিম ছিল 'কোয়ালিটি স্কাউটিং'। আগামী প্রজন্মকে উপযুক্ত নাগরিক হিসাবে গড়ে তোলার জন্য অন্যতম পদ্ধতি। উদ্বোধনী দিনের বৃষ্টিভেজা আবহাওয়াকে উপেক্ষা করে তাঁবুতে অবস্থান করে সকল অংশগ্রহণকারী। সংশ্লিষ্টরা বলছেন, আগামী প্রজন্মকে উপযুক্ত নাগরিক হিসাবে গড়ে তোলার জন্য স্কাউটিং অন্যতম পদ্ধতি। দেশের যুব সমাজের চাহিদার প্রতি লক্ষ্য রেখে এই ক্যাম্পে স্কাউট (১২ থেকে ১৬ বছর বয়সী) ও রোভার স্কাউটদের (১৭ থেকে ২৫ বছর) একই সাথে অংশগ্রহণ করার সুযোগ দেয়া হয়েছে।

স্কাউটদের জন্য ১০টি দুর্জয় (চ্যালেঞ্জ) ও ১টি আনন্দ কার্যক্রম এবং রোভার স্কাউটদের জন্য ১০টি দুর্বার (চ্যালেঞ্জ), একটি আনন্দ কার্যক্রম ও একটি বিশেষ কার্যক্রম বাস্তবায়ন করা হয়। এতে অংশগ্রহণ করে স্কাউট ও রোভার স্কাউটগণ তাদের স্কাউটিংয়ের জ্ঞানকে আরো সমৃদ্ধ করার পাশাপাশি প্রতিযোগিতার মনোভাব সৃষ্টি এবং আত্মবিশ্বাস বৃদ্ধি করে।

ক্যাম্পে অংশগ্রহণ করে স্কাউট ও রোভার স্কাউটেরা যে সকল বিষয়ে অংশগ্রহণ করে তা হলো এক্সিমেশন, পাইওনিয়ারিং প্রজেক্ট, ইনসিডেন্ট হাইকিং, সার্চ অ্যান্ড রেসকিউ, ফর এ বেটার ওয়ার্ল্ড, ফানি ম্যাচ, ফেইথ অ্যান্ড বিল্ড, ক্যাম্প ফায়ার, অ্যারোবিक्स, ইয়োগা ও গুণায়ম; তাঁবু কলা, ক্যাম্প ক্রাফট এবং মেলা।

সমাপনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ক্যাম্পের প্রধান সমন্বয়কারী ও জাতীয় কমিশনার (এক্সটেনশন স্কাউটিং) কাজী নাজমুল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যুৎ ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সচিব আবুবকর সিদ্দিক। এ সময় গাজীপুরের জেলা প্রশাসক এস এম আলম উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, বাংলাদেশের বিভিন্ন অঞ্চল এবং ভারত স্কাউটস অ্যান্ড গাইডসের স্কাউট, রোভার স্কাউট এবং কর্মকর্তাসহ প্রায় ২ হাজার ৫০০ জন এই ক্যাম্পে অংশগ্রহণ করেন। এই স্কাউটস ক্যাম্প কার্যক্রমের মিডিয়া পার্টনার ছিল দৈনিক ইত্তেফাক। অনুষ্ঠানে অতিথিদের ক্রেস্ট ও অংশগ্রহণকারী স্কাউটদের সার্টিফিকেট দেয়া হয়।